বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 10 DEC 1988
পৃষ্ঠা ... 1 কলাম ... 1

017

# মেডিক্যাল শিক্ষা স্বায়ত্ত-শাসিত বিশ্ববিদ্যালয়ের অধীনে যাচ্ছে

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম,এ মতিন বলেন, স্বাস্থ্য শিক্ষা অবিলম্বে স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের অধীনে আসবে। এ ব্যাপারে সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় শিগগিরই প্রয়োজনীয় অর্ডিন্যান্স জারি করবে।

তিনি গতকাল রাতে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এণ্ড সার্জনস মিলনায়তনে বাংলাদেশ প্রাইভেট মেডিক্যাল প্র্যাকটিশনার্স এসোসিয়েশনের অভিষেক ও শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।